

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
প্লট -ই -১৩/ বি, আগারগাঁও,  
শেরেবাংলা নগর, ঢাকা  
www.ngoab.gov.bd

স্মারক নম্বর:- ০৩.০৭.২৬৬৬.৬৫৭.৪৩.২৫৩.১৭ - ৫৯

তারিখঃ


২ মাঘ ১৪২৬  
১৬ জানুয়ারি ২০২০

নির্বাচিত সিএ ফার্মসমূহের তালিকা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন ২০১৬” এর ধারা ১০ (২) অনুযায়ী এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত বিদেশী ও বৈদেশিক সাহায্যপুষ্ট দেশীয় ও আন্তর্জাতিক বেসরকারী স্বৈচ্ছাসেবী সংস্থা (এনজিও) সমূহের হিসাব নিরীক্ষণের নিমিত্তে বাংলাদেশে কার্যরত Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর সদস্যভুক্ত ও সুপারিশকৃত নিম্নবর্ণিত ১০০ (একশত) টি Chartered Accountants Firms (CA Firm)- কে ২০২০ ও ২০২১ সালের জন্য এনজিও বিষয়ক ব্যুরোর তালিকাভুক্ত করা হলো।

০২। তালিকাভুক্ত সিএ ফার্মগুলো এই বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী (TOR) অনুসরণ করে নিরীক্ষাকার্য সম্পন্ন করবে। উল্লেখ্য যে, তালিকা বহির্ভূত কোন ফার্ম কর্তৃক সম্পন্নকৃত কোন অডিট রিপোর্ট এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক গ্রহণযোগ্য হবে না। শর্তসমূহ প্রতিপালনে ব্যর্থ হলে অর্থবা কোন তথ্য গোপন করে সরকারি বা রাষ্ট্রীয় কোন স্বার্থ ক্ষুণ্ণ করা হলে সংশ্লিষ্ট সিএ ফার্মের বিরুদ্ধে ব্যুরোর এবং দেশে প্রচলিত আইনের আওতায় ব্যবস্থা নেয়া হবে।


Sl.	Name of CA Firm	Address
1.	Aziz Halim Khair Choudhury	House-64(1st & 2nd Floor), Road-12A, Dhanmondi, Dhaka-1209, Phone: 02-9145017, 9137092, Email: mahalim@bdcom.net
2.	A. Hoque & Co.	Khan Mansion (5 <sup>th</sup> Floor) 107 Motijheel C/A, Dhaka-1000, Tel: 9562786, E-mail : a.hoquecompany@yahoo.com
3.	A. K. DEB & CO.	20, Dilkusha C/A, (Yousuf Chamber), 3 <sup>rd</sup> Floor, Dhaka-1000, Phone-9568530, E mail-deb672@hotmail.com
4.	A B Saha & Co.	78, Motijheel C/A, (6 <sup>th</sup> fl), Dhaka.-1000, Tel: 01962-677611, 01730-710415, Email: absahaco@gmail.com
5.	A. Qasem & Co.	Gulshan Pink City, Suites-1-03, Level-7, Plot-15, Road-103 Gulshan Avenue, Dhaka-1212. Tel: 8881824-6, E-mail: aqasem@bd.yahoo.com
6.	A. Wahab & Co.	Hotel Purbani, Annex-2, 4 <sup>th</sup> Floor, 1 Dilkusha C/A, Dhaka-1000, Tel: 9585626, 9575293 E-mail: wahab_co@agni.com
7.	A.T. Talukder & Co.	23/1 Motijheel C/A, Hasan Courst (10th Floor), Dhaka-1000, Phone: 01715-046488, Email: attcodb@gmail.com
8.	Ahmed Mashuque & Co.	Navana Obaid Eternia, 28-29, Kakrail (Level-13-14), VIP Road, Dhaka-1000, Phone: 02-58316931-39, Email: info@ahmedmashuque.com



9.	Ahsan KIamal Sadeq & co.	Dhaka trade centre (5 <sup>th</sup> Floor), Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar, Dhaka-1215, Phone: 8189189, Mob: 01713018283 Email: ahsankamalsadeqco.@gmail.com
10.	Ahsan Manzur & Co.	House-373 (2nd Floor), Road-28, New DOHS Mohakhali, Dhaka-1206, Phone: 02-9885210, Email: info@amc-bd.com
11.	Ahsan Zamir & Co.	2/2, Purana Paltan (1st Floor), Dhaka-1000, Phone: 02-9551900, Email: ahsanzamir.dhk@gmail.com
12.	Akhtar Amir & Co.	18/1, Naya Palton (6th Floor), Dhaka-1000. Tel: 8319696, 01711-232700, E-mail: akhtaramirca@gmail.com
13.	Anil Salam Idris & Co.	522, Sheikh Mujib Road (2nd floor), Pathantolly, Agrabad, Chittagong-4100, Phone: 01711-908759, 01554-331402, Email: asischittagong@gmail.com
14.	Anisur Rahman & Co	70/C Purana Paltan line (3 <sup>rd</sup> floor) VIP Road, Dhaka-1000, Tel: 8318179, E-mail : anisurfca@yahoo.com
15.	ARTISAN	Shah Ali Tower (7th Floor), 33, Kawran Bazar, Dhaka-1215, Phone: 02-8189883-7, 8180183-6, Email: info@artisan-ca.com
16.	Arun & Company	House-558 (4th Floor), East Kazipara, Kafrul, Mirpur, Dhaka-1216, Cell: 01819-401724, E-mail: arunrrh@gmail.com, www.arun-cabd.com
17.	Ashraf Uddin & Co,	142/B, Green Road, (2nd & 3rd Floor), Dhaka-1215, Tel: 9116183, 9124650 E-mail: info@aucbd.com
18.	Ashraful Haque Nabi & Co.	77 Bir Uttam C.R. Datta Road, Dilara Tower (3rd Floor), Dhaka-1208, Phone: 9559682, Email: ashrafulnabi@yahoo.com
19.	ATA Khan & Co.	67 Motijheel C/A (1st Floor), Dhaka-1000, Tel: 9560933, 01819-228521 Email : maqbul.ahmed@yahoo.com
20.	Atik Khaled Chowdhury	Hasan Court (1 <sup>st</sup> Floor), 23/1 Motijheel C/A, Dhaka-1000, Tel: 9553407, 9564972, . E-mail : atik.khaled@gmail.com
21.	Ayub & Mahmood	Suit: B&C, Level-9, Dhaka Trade Centre, 99, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, tel: 9124337, Phone: 01711-544738, Email: ayub@ayubmahmood.com
22.	A. Matin & Co.	60/2, Naya Paltan (1 <sup>st</sup> Floor), Dhaka-1000, Tel-8318191, E-mail-akmatin@yahoo.com
23.	Basu Banerjee Nath & Co.	Dhaka Trade Center, (11 <sup>th</sup> fl.), 99 Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar, Dhaka-1215, Tel: 9113357, Email: info@bbnathco.com



24.	Chowdhury Bhattacharjee & Co.	47/8 Indira Road (Ground floor), Dhaka-1215, Tel: 48110567, E-mail : <a href="mailto:bimal_cbc@yahoo.com">bimal_cbc@yahoo.com</a>
25.	Chowdhury Hossain Rashid & Co.	Hasan Court (1 <sup>st</sup> Floor), 23/1 Motijheel C/A, Dhaka-1000, Tel: 9589241, 01711-563058, Email : <a href="mailto:mhrofchr@gmail.com">mhrofchr@gmail.com</a>
26.	DAS Chowdhury Dutta & Co.	Well Tower (1st Floor), Flat-A/1, 12/A, Purana Paltan Line, Dhaka. Phone: 02-58310639, Email: <a href="mailto:dcddhaka@outlook.com">dcddhaka@outlook.com</a>
27.	Dewan Nazrul Islam & Co.	Motijheel Plaza(Aziz Square), 193/C/1, Fakirapool (3 <sup>rd</sup> Floor), Box Culvert Road, Dhaka-1000, Tel-7194191
28.	FAMES & R	House-424 (4th Floor), Road-30, Mohakhali DOHS, Dhaka- 1206, Phone: 9884049, 01715-001622, Email: <a href="mailto:fames1622@gmail.com">fames1622@gmail.com</a>
29.	G Mostafa & MWC	House#5, Flat-B-1, Shams Parasol (1 <sup>st</sup> Floor), Road-21&16, Gulshan-1, Dhaka-1212, Tel-01713006665
30.	G. Bishwas & Co.	Ramna Bhaban (5 <sup>th</sup> floor), 45 Bangabandhu Avenue, Dhaka-1000, Tel: 9566243, E-mail : <a href="mailto:gbiswasca@hotmail.com">gbiswasca@hotmail.com</a>
31.	G. Kibria & Co.	Sadharan Bima Sadan (5 <sup>th</sup> floor), 24-25, Dikkusha C/A, Dhaka-1000, Phone-9568071, Email- <a href="mailto:gkibria@gkibriaandco.com">gkibria@gkibriaandco.com</a>
32.	G. Nabi & Co.	11, Motijheel C/A, Ellal Chamber (8 <sup>th</sup> Floor), Dhaka-1000, Tel: 9586383, 01911-357401, E-mail : <a href="mailto:gnaibfca@yahoo.com">gnaibfca@yahoo.com</a>
33.	Habib Sarwar Bhuiyan & Co.	Eastern Commercial Complex, 73 Kakrail, 7 <sup>th</sup> Floor, Chamber#704&705, Dhaka-1000, Phone-9335974, E-mail- <a href="mailto:mhabib7374@gmail.com">mhabib7374@gmail.com</a>
34.	Haque Fazlul & Co.	21/A, Purana Paltan (5th Floor), Dhaka-1000, Phone: 9581425, 01911 097209 , Email: <a href="mailto:haquefazlulca@gmail.com">haquefazlulca@gmail.com</a>
35.	Haque Shah Alam Mansur & Co.	27, Bijoy Nagar, Shaj Bhaban (6 <sup>th</sup> Fl), B-11, Dhaka-1000, Tel: 9335627, 9358787, E-mail : <a href="mailto:badrul12477@gmail.com">badrul12477@gmail.com</a>
36.	Hoda Vasi Chowdhury & Co.	BTMC Bhaban (6th & 7th Floor), 7-9 Karwan Bazar Commercial Area, Dhaka-1215, Phone: 02-9120090, Email: <a href="mailto:alam@hodavasi.com">alam@hodavasi.com</a> . <a href="mailto:hvc@hodavashi.com">hvc@hodavashi.com</a>
37.	Hoque Bhattacharjee Das & Co.	Cosmic Tower (9th Floor), 106/Ka Naya Paltan, Box Culvert Road, Dhaka-1000, Phone: 02-9355401, Email: <a href="mailto:info@hbdco.org">info@hbdco.org</a>
38.	Hossen Delwar & Co.	67/9 Eastern Mansion, Suite-5/1 (5 <sup>th</sup> fl), Kakrail, Dhaka- 1000, Tel:9342796, 01979-848923 E-mail : <a href="mailto:onlinehossendelwar@yahoo.com">onlinehossendelwar@yahoo.com</a>



39.	Howladar Yunus & Co.	house-14 (Level-4 & 5), Road-16A, Gulshan-1, Dhaka-1212, Phone: 58815247. Email: <a href="mailto:info@bd.gt.com">info@bd.gt.com</a>
40.	Hussain Farhad & Co.	House-15, Road-12, Block- F, Niketon, Gulshan-1, Dhaka-1212, Tel: 8836015-7, E-mail : <a href="mailto:hfc@hfc-bd.com">hfc@hfc-bd.com</a>
41.	Hussain Khaja & Co.	Zaman Chamber (5 <sup>th</sup> Floor), 47, Dilkusha C/A, Dhaka-1000, Tel: 9566959, 01711-733400, Email : <a href="mailto:khaja1951@gmail.com">khaja1951@gmail.com</a>
42.	Irshadullah Patwary & Co.	72, Malibagh (3 <sup>rd</sup> Floor), Mouchak Moor, Suit-406, Dhaka-1217, Tel : 9331758, E-mail : <a href="mailto:iupc211@gmail.com">iupc211@gmail.com</a>
43.	Islam Aftab Kamrul & Co.	Z-Tower (5th Floor), Plot-4, Road-132, 54, Gulshan Avenue, Gulshan-1, Dhaka-1212
44.	Islam Jahid & Co.	128/1, East Tejturi Bazar (2nd & 3rd Floor), Kawran Bazar, Dhaka-1215, Phone: 02-8142552, Email: <a href="mailto:jahialif@gmail.com">jahialif@gmail.com</a>
45.	Islam Quazi Shafique & Co.	AI-Haj Shamsuddin Mansion (4th floor), Room-c 17 New Eskaton Road, Moghbazar, Dhaka-1000, Tel: 48312349, E-mail: <a href="mailto:qsi.esk@gmail.com">qsi.esk@gmail.com</a>
46.	J. R. Chowdhury & Co.	Moni Singh-Farhad Smriti Bhaban (4th Floor), 21/2, Purana Paltan, Dhaka-1000, Phone: 02-9561280, Email: <a href="mailto:jrc700@gmail.com">jrc700@gmail.com</a>
47.	J. U. Ahmed & Co.	House-170 (1 <sup>st</sup> Floor), Lane-3, New DOHS, Mohakhali, Dhaka-1206, Phone-8712666, Email- <a href="mailto:jamil44444@yahoo.com">jamil44444@yahoo.com</a>
48.	K. M. Alam & Co.	80, Motijheel C/A (4th Floor), Dhaka-1000, Phone: 9552954, 01711-080981, Email: <a href="mailto:k.monowar@kmacobd.com">k.monowar@kmacobd.com</a>
49.	K. M. Hasan & Co.	Hometown Apartment ( 8 <sup>th</sup> & 9 <sup>th</sup> Floor), 87, New Eskatan Road, Dhaka-1000, Tel: 9351457/9351564 E-mail: <a href="mailto:info@kmhasan.com.bd">info@kmhasan.com.bd</a>
50.	Kazi Zahir Khan & Co	Shamsunnahar Complex, 8th Floor, Flat-9B, 31/C/1, Topkahna Road, Segunbagicha, Dhaka., Phone: 57160824, 57160821, E-mail: <a href="mailto:kzkc_bd@yahoo.com">kzkc_bd@yahoo.com</a>
51.	Khan Ayub	House-384 (4 <sup>th</sup> Floor), Road-28, New DOHS, Mohakhali, Dhaka-1206. Tel: 02-9847488. E-mail : <a href="mailto:info@khanayubbd.com">info@khanayubbd.com</a>
52.	Khan Wahab Shafique Rahman & Co.	Rupali Bima Bhaban (5th & 6th floor), 7 Rajuk Avenue, Dhaka-1000, Tel: 9565136, 9551821, E-mail : <a href="mailto:kwsr@dhaka.net">kwsr@dhaka.net</a>



53.	M A Fazal & Co	29, Bangabandhu Avenue (2 <sup>nd</sup> Floor), Dhaka-1000, Phone-9551991, E mail-shamima499@gmail.com.
54.	M M Rahman & Co.	Padma Life Tower, Level-10, 115, Kazi Nazrul Islam Avenue, Banglamotor, Dhaka-1000, Phone 48311027, Email: info@mmrahman.org
55.	M M Yasin & Co.	House-22, Road-12, Block-F, Niketon, Gulshan-1, Dhaka-1212, Phone-01711957242, E-mail-mmyasin1001@gmail.com
56.	M. Ahmed & Co.	SHAKILA'S DREAM, House#12-13 (Ground Floor), Suite#103, Road#05, Block#A, Kaderabad Housing, Mohammadpur, Dhaka-1207, 01713032449
57.	M. J. Abedin & Co	National Plaza (3 <sup>rd</sup> Floor), 109, Bir Uttam C.R Datta Road, Dhaka-1205, Tel-9675340
58.	M. N. Islam & Company	123/4, Tejkunipara, Tejgaon, Dhaka-1215, Phone-9113528, Email-faisal.btf@gmail.com
59.	M. Z. Islam & Co.	10(4-10), Eastern View(10th Floor), 50 DIT Extension Road, Nayapaltan, Dhaka-1000, Phone: 02-9350992, Email: mzislam.co@gmail.com
60.	Shiraz Khan Basak & Co.	R,K. Tower (Leve-10, 86, Bir Uttam C.R. Datta Road (312, Sonargaon Road), Hatirpool, Dhaka, Phone: 9635139, Email: shirazkhanbasak@yahoo.com
61.	MABS & J Partners	SMC Tower (7 <sup>th</sup> Floor), 33, Banani C/A, Road-17, Dhaka-1213, Phone-9821057, Email-info@mabsj.com
62.	Mahfel Huq & Co.	BGIC Tower (4 <sup>th</sup> floor), 34 Topkhana Road, Dhaka-1000, Tel: 9553143 E-mail : info@mahfelhuq.com
63.	Mahfuz Amin Nowsher & Co.	Modern Mansion, 53 Mothjheel C/A (11th floor), Dhaka-1000. Tel : 9569313, 01714-167497, E-mail : raminfca@gmail.com
64.	Mak & Co.	BSEC Bhavan (Level-11), 102, Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Phone: 55013647, Email: info@maknco.net
65.	Malek Siddiqui Wali	9-G Motijheel C/A, (2 <sup>nd</sup> Floor), Dhaka-1000. Tel : 9513471, 9569867. E-mail: wali@satcombd.com
66.	MARHK & Co.	Azhar Comfort Complex (9 <sup>th</sup> Floor), 130 Progoti Shoroni, Middle Badda, Gulshan, Dhaka-1212. Tel : 9840566. Email : marhkco@gmail.com
67.	MASH Haque	821 West Kazipara, Mirpur, Dhaka-1216. Tel : 01712929898 Email : ambia1231@icloud.com
68.	Masih Muhith Haque & Co.	Level-13, UTC Building, 8 Panthopoth, Dhaka-1215. Tel : 9144357/9130675, E-mail : info@masihmuhith.com

69.	Masud Altaf & Co.	16/3, Babor Road (Ground Floor) Block-B, Shyamoli, Mohammadpur, Dhaka-1207, Tel : 9132759, 01711-536193 E-mail : macaudit.2002@gmail.com
70.	Mizan Islam & Co.	House-10, Road-06, Sector-12, Uttara Model Town, Dhaka-1230, Phone: 55087246, Email: mizanur4949@hotmail.com
71.	MMH & Co.	House-22 (3rd Floor), Road-13C, Block-E, Banani, Dhaka-1213, Phone: 01713245858, Email: mmhosain@yahoo.com
72.	Mollah Quadir Yusuf & Co.	161, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Phone: 01979-547366, Email:mqy_ca@yahoo.com
73.	Mostafa Kamal & Co.	87, Purana Paltan Line, Suite-706, Paltan Tower, Dhaka-1000, Phone: 8333047, Email: mostafacama08@gmail.com
74.	Mowla Moammad & Co.	Rupayan Karim Tower, 8th Floor, Flat-B, 80, VIP Road, Dhaka-100, Tel: 5513056-57, E-mail: mmc@bol-online.com
75.	Nurul Azim & Co.	House-3/7/1, Ankon Shwapnopuri, Leve-2 (Flat-B/1), South Kallayanpur, Dhaka-1207, Phone: 01817-044586, Email: bmnazim@citechco.net
76.	Nurul Faruk Hasan & Co.	Vertex Prominent (1st Floor), GA-16/1, Mohakhali, Dhaka-1212, Phone: 02-8412989, Email: info@bdo.com.bd
77.	Pinaki & Company	Ahsandell, 2/A Mymensingh Road, Dhaka-1000. Tel:9660944 E-mail : pinaki_co@yahoo.com
78.	Rahman Anis & Co.	Azad Center, 55 Purana Paltan, Suit-13/A-1, (13 Floor), Dhaka-1000, Phone: 02-9552597, 01819-491543, Email: ca_rac@yahoo.com
79.	Rahman Kashem & Co.	City Heart Bhaban (3 <sup>rd</sup> floor), 67 Naya Paltan, Dhaka-1000. Tel : 9332768, E-mail : rahmankashem@yahoo.com
80.	Rahman Mostafa Alam & Co.	Paramount Heights (7th Floor-D2, C1 & A), 65/2/1 Box Culvert Road, Purana Paltan, Dhaka-1000, Tel: 9553449 E-mail : rmadhaka@gmail.com
81.	Rahman Mustafiz & Co.	House-205 (1st Floor), Wireless Railgate, Boro Moghbazar, Ramna, Dhaka-1212, Phone: 01714-338877, Email: rahmanmustafiz@yahoo.com
82.	Rahman Rahman Haq	9 & 5 Mohakhali C/A, Dhaka-1212, Tel 9886450-2 E-mail : dhaka@kpmg.com
83.	Razzaque & Co.	56 Lake Circus (3 <sup>rd</sup> Floor) Kalabagan, Panthopath (West), Dhaka-1205, Tel. 9140525, 01918-404848 E-mail: razzaqueandco@yahoo.com




84.	S F Ahmed & Co.	House 51 (2 <sup>nd</sup> Floor), Road-9, Block-F, Banani, Dhaka-1213, Tel-9894346, Email-sfaco&dhaka.net
85.	S. Ahmed & Co.	Sultan Market (3 <sup>rd</sup> Floor), 151, SK Mujib Road, Agrabad C/A, Chittagong. Tel: 031721485, 01847-062545 E-mail : s.ahmed_co@yahoo.com
86.	S. K. Barua & Co.	House#432 (2 <sup>nd</sup> Floor), Lane#30, New DOHS, Mohakhali, Dhaka-1206, Tel-9884390, E-mail-skbarua_123@yahoo.com
87.	S. M Zakaria & Co.	Sobhan Mansion (3 <sup>rd</sup> Floor), 46/1, Purana Paltan, Dhaka-1000, Phone-9581787, E-mail: zakaria.fca@gmail.com
88.	S. P. Chowdhury & Co.	House-6 (5 <sup>th</sup> Floor), Road-7, Block-C, Niketon, Gulshan-1, Dhaka-1212, Phone-8835563, E-mail-c.schowdhury@gmail.com
89.	S. R. Islam & Co.	3B, Purana Paltan, Navana Mukhles Monarch Shoping Complex (2 <sup>nd</sup> floor), suite no(301,302 & 305), Dhaka, Phone-57160573-4
90.	S.R. Bose & Co.	Dhaka Trade Centre (15th Floor), 99 Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar, Dhaka-1215, Phone: 8119204, Email: srbose.ca2012@gmail.com
91.	Sadhan Das & Co.	B-3, Saj Bhaban (2 <sup>nd</sup> Floor), 27 Bijoy Nagar, Dhaka-1000, Tel: 9334225, E-mail: sdas322@yahoo.com
92.	Shafiq Basak & Co.	Shatabdi Center (6 <sup>th</sup> Floor), 292 Inner Circular Road, Fakirapool, Motijheel, Dhaka-1000 Tet: 7192098. E-mail: <a href="mailto:shafiq_basak@yahoo.com">shafiq_basak@yahoo.com</a>
93.	Shafiq Mizan Rahman & Augustine	137/D/1, Jahanara Garden, Flat-3/A, (2nd Floor), Green Road, Dhaka-1205, Phone: 9134631, 9134634, 01711-521279, Email: smra.ca1990@gmail.com
94.	Shafiqul Alam & Co.	Empire Reba, Flat No.-1C (1 <sup>ST</sup> Floor),6/1, Shegunbagicha, Ramna, Dhaka-1000, Tel-01713378787, Email-shafiq@sacabd.com
95.	Shaha & Co.	Eastern Mansion, Suite#5/07, (5th Floor), 67/9, Pioneer Road, Kakrail, Dhaka-1000, PHone: 49350148, 01818-175313, Email: hiralal.barua@yahoo.com
96.	Snehasish Mahmud &Co	Plot-10 (3 <sup>rd</sup> Floor), Road-9, Block-J, Baridhara, Dhaka-1212. Tel : 8834063 E-mail : info@smac-bd.com
97.	Syful Shamsul Alam & Co.	Paramount Heights (Level-6&2), 65/2/1, Box Culvert Road, Purana Paltan, Dhaka-1000, tel: 9555915, 9515431 E-mail : <a href="mailto:ssac@ssacbd.com">ssac@ssacbd.com</a>

98.	T. Hussain & co.	HB Tower (1 <sup>st</sup> Floor), 23/G/1, Free School Street (Panthapath), Dhaka-1205, Phone-9641123, E-mail-mdkawsar1974@gmail.com
99.	Toha Khan Zaman & Co.	House-817 (First Floor), Road-4, Baitul Aman Housing Society, Adabor, Dhaka-1207, Phone: 02-9144927, 01711-593839, Email: mail@tkzcabd.com
100.	Zoha Zaman Kabir Rashid & Co.	Rupayan Karim Tower, Level-7, Suite-7A, 80 Kakrail, Dhaka-1000, Phone: 9339732, Email: info@zzkrca.com

### শর্তাবলী (Terms of Reference-TOR)

০১. সিএ ফার্মকে এনজিও সমূহের নিরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ দায়িত্বশীল ও নিরপেক্ষ ভূমিকা পালন করতে হবে;
০২. প্রতিটি ফার্মকে এনজিও'র হিসাব নিরীক্ষা করার সময় এনজিওদের জন্য প্রণীত "বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন ২০১৬" এবং প্রকল্প অনুমোদন সংক্রান্ত এফডি-৬, অনুমোদনপত্রের শর্তাবলী অনুযায়ী প্রকল্প বাস্তবায়িত হয়েছে কিনা, তা অবশ্যই নিশ্চিত হয়ে নিরীক্ষাকার্য সম্পন্নপূর্বক মতামত প্রদান করতে হবে;
০৩. সিএ ফার্মকে অডিট রিপোর্টের সাথে ব্যুরো কর্তৃক নির্ধারিত ফরমে এফডি-৪ ও তৎসংযুক্ত এনেঞ্জার এ/১ এ বৈদেশিক অনুদান প্রাপ্তি ও ব্যয় সংক্রান্ত নিরীক্ষা সনদ অবশ্যই প্রদান করতে হবে। এফডি-৪ এ বৈদেশিক অনুদান সংক্রান্ত সকল তথ্য ক্যাশ (Cash) ভিত্তিক হতে হবে, এ্যাক্রুয়াল (Accrual) ভিত্তিক নয়। অর্থাৎ বৈদেশিক অনুদান সংক্রান্ত কোন পরিমাণ অর্থ ঋনাত্মক বা রিসিভবল (Receivable) হিসেবে প্রদর্শন করা যাবে না। এফডি-৪ এ অনুমোদিত বাজেট, প্রকৃত ব্যয় এ দুয়ের পার্থক্য লেখার ক্ষেত্রে মোট হিসেবে মোট টাকার অংক উল্লেখ করতে হবে। এনেঞ্জার এ/১ এ গুলোর বিস্তারিত অর্থাৎ খাতওয়ারী অনুমোদিত বাজেট, প্রকৃত ব্যয়, পার্থক্য (Variance) শতকরা হিসেবে এবং পার্থক্যের কারণ বর্ণনা করতে হবে। এনেঞ্জার এ/১ তে বর্ণিত খাত/উপখাত এবং এর বিপরীতে বাজেট, অনুমোদিত প্রকল্প (এনেঞ্জার-সি) অনুযায়ী হতে হবে;
০৪. প্রত্যেক প্রকল্পের জন্য পৃথক অডিট রিপোর্ট প্রস্তুত করতে হবে এবং রিপোর্ট হবে প্রকল্প বর্ষ (সর্বোচ্চ ১২ মাস) ভিত্তিক। প্রকল্পে স্থানীয় আয়/অনুদান সম্পৃক্ত থাকলে তা পৃথকভাবে আলাদা কলামে দেখাতে হবে। এবং স্থানীয় অনুদানের উৎস সম্পর্কে "বৈদেশিক অনুদান(স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন ২০১৬" সনের আইনে বর্ণিত বিধান মোতাবেক মতামত থাকতে হবে। অসম্পূর্ণ মতামত শত লংঘন হিসেবে বিবেচিত হবে;
০৫. অডিট রিপোর্টে সংক্ষিপ্তাকারে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও প্রধান প্রধান কর্মসূচী এবং নিম্নবর্ণিত বিষয়গুলোর সঠিক তথ্য বর্ণিত হতে উল্লেখ করতে হবেঃ
- ১) অডিট কার্য পরিচালনার জন্য সিএ ফার্ম তালিকাভুক্তির তারিখ;
  - ২) প্রকল্পের নাম;
  - ৩) প্রকল্পের মেয়াদকাল;
  - ৪) প্রকল্প অনুমোদনের স্মারক নং ও তারিখ;
  - ৫) অর্থ ছাড়ের স্মারক নং ও তারিখ;
  - ৬) ছাড়কৃত অর্থের পরিমাণ (কিস্তি উল্লেখসহ);
  - ৭) প্রাপ্ত বৈদেশিক অনুদানের পরিমাণ;
  - ৮) ব্যুরো কর্তৃক অর্থ ছাড়ের পূর্বে মাদার একাউন্ট হতে অর্থ উত্তোলন করা হয়েছে কিনা: দেশিক অনুদানের অর্থ মাদার একাউন্টে গৃহীত হয়েছে কিনা;
  - ৯) অডিট বৎসর (প্রকল্প বর্ষ);
  - ১০) প্রকল্প এলাকা (জেলা, উপজেলা);
  - ১১) উপকারভোগীর সংখ্যা;
০৬. Balance Sheet, Income & Expenditure Account এবং Receipt & Payments Account অডিট রিপোর্টের অংশ হবে এবং এ সকল হিসাব বিবরণীতে এনজিও ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের স্বাক্ষর থাকতে হবে। যদি কোন ক্ষেত্রে ব্যালাপশিট প্রদানের প্রয়োজন না হয়। সেক্ষেত্রে ব্যাখ্যা থাকতে হবে। লেজার বুক সংরক্ষিত হিসাবের খাত অনুযায়ী Receipt & Payments Account তৈরী হয়েছে কিনা; তা নিশ্চিত করতে হবে। যে সকল খাতে ( যেমন- কন্টিনজেন্সি এবং বিবিধ) সাকুল্য ব্যয় দেখানো হয়েছে, তার বিস্তারিত ব্যয় বিভাজন নোটে সন্নিবেশ করতে হবে;
০৭. এনজিও'র অডিট রিপোর্টের প্রতি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর দিতে হবে। সিএ ফার্মের ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের অনুস্বাক্ষরসহ কমন সিল অবশ্যই প্রতি পৃষ্ঠায় থাকতে হবে। তবে রিপোর্টের প্রারম্ভে অডিটরের প্রত্যয়ণ, ব্যালাপ সিট, একাউন্ট স্টেটমেন্টস,





এফডি-৪ সার্টিফিকেট এবং TOR অনুযায়ী প্রতিবেদনে অবশ্যই অডিটরের পূর্ণাঙ্গ স্বাক্ষর থাকতে হবে। অডিটরের পূর্ণাঙ্গ স্বাক্ষরের নীচে FCA/ACA এর পূর্ণাঙ্গ নাম ও পদবি উল্লেখ করতে হবে। এনজিও সমূহের অডিট রিপোর্টে নিম্নোক্ত ধারাবাহিকতা বজায় রাখতে হবেঃ

প্রথম অংশ

- Scope, Opinion ইত্যাদি সম্বলিত অডিটরের প্রত্যয়ণ।
- Balance Sheet.
- Income & Expenditure Account/ Statement.
- Receipts & Payments Accounts/Statement.
- Notes to Financial Statement.
- Schedule/Appendix/Other Statement

দ্বিতীয় অংশ

- এফডি -৪ সার্টিফিকেট;
  - এনেঞ্জার এ/১;
  - নোটস টু এফডি-৪ (যদি থাকে);
  - এনজিও ব্যুরোর TOR অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন করতে হবে (TOR এর Condition গুলোর ক্রম হবহ অনুসরণ করতে হবে);
০৮. বহুবর্ষী প্রকল্পের ক্ষেত্রে অডিট বর্ষের পূর্ববর্তী বর্ষের অডিট করা হয়েছে কিনা এবং করা হয়ে থাকলে অডিট রিপোর্ট ব্যুরোতে প্রেরণ করা হয়েছে কিনা, সে বিষয়ে অডিট রিপোর্টে উল্লেখ থাকতে হবে। ধারাবাহিক প্রকল্প অর্থাৎ পূর্ববর্তী বছরের একই নামে / একই ধরনের প্রকল্প থাকলে সেক্ষেত্রেও অডিট করা হয়েছে কিনা এবং রিপোর্ট ব্যুরোতে প্রেরণ করা হয়েছে কিনা, তা উল্লেখ করতে হবে;
০৯. সিএ ফার্ম কর্তৃক অডিট সম্পন্ন হলে প্রতিবেদনের একটি কপি (মূলকপি) সীলমোহরযুক্ত খামে সরাসরি উপ-পরিচালক (পরিদর্শন ও নিরীক্ষা), এনজিও বিষয়ক ব্যুরো ঢাকা বরাবরে অবশ্যই প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ব্যুরোর পরিদর্শন ও নিরীক্ষা শাখায় সরাসরি প্রাপ্ত অডিট রিপোর্টই পরীক্ষাযোগ্য হবে;
১০. এনজিও বিষয়ক ব্যুরোতে সংশ্লিষ্ট এনজিও এর প্রথম নিবন্ধন নম্বর ও তারিখ উল্লেখসহ সর্বশেষ কোন তারিখে নবায়ন (Renewal) করা হয়েছে, তা উল্লেখ করতে হবে;
১১. “বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন ২০১৬” এর ধারা ৯ অনুযায়ী এনজিও কর্তৃক সকল বৈদেশিক অনুদান একটিমাত্র ব্যাংক একাউন্টের মাধ্যমে গ্রহণ করার বিধান রয়েছে। উক্ত বিধান অনুযায়ী একটি মাত্র ব্যাংক একাউন্টের মাধ্যমে বৈদেশিক অনুদান গৃহীত হয়েছে কিনা, তা অর্থাৎ এই বিধানের ব্যত্যয় ঘটিয়ে একাধিক ব্যাংক একাউন্টের মাধ্যমে বৈদেশিক অনুদান গৃহীত হলে সংশ্লিষ্ট ব্যাংকের নাম, হিসাব নম্বর ও গৃহীত অর্থের পরিমাণ উল্লেখ করতে হবে;
১২. এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক অনুমোদিত ব্যাংক হিসাব (মাদার একাউন্ট) নম্বর, ব্যাংকের নাম ও শাখা, সংশ্লিষ্ট প্রকল্প বর্ষে তারিখসহ গৃহীত অনুদানের পরিমাণ ও দাতা সংস্থার নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট প্রকল্পের ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা এবং ব্যাংক ব্যালান্সও উল্লেখ করতে হবে। মাদার একাউন্ট থেকে প্রজেক্ট একাউন্টে অনুদানের অর্থ স্থানান্তরের তারিখ উল্লেখ করতে হবে। মাদার একাউন্ট ও প্রজেক্ট একাউন্টের ব্যাংক রিকনসিলিয়েশন করে তা ঠিক আছে কিনা সে বিষয়ও উল্লেখ করতে হবে;
১৩. পণ্যকারে কোন অনুদান গৃহীত হলে তার যথাযথ মূল্যমান নিশ্চিত করতঃ অর্থের পরিমাণ এফডি-৪ এ অনুদান প্রাপ্তির সাথে উল্লেখ করতে হবে। এফডি-৫ অনুযায়ী এর ব্যবহার ও স্থিতির বিবরণ দিতে হবে;
১৪. অনুদানের উপর প্রাপ্ত ব্যাংক সুদ (Exchange Gain) হিসাব বিবরণীতে পৃথকভাবে উল্লেখ করতে হবে এবং এর ব্যবহারের জন্য এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি গ্রহণ করা হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে। উক্ত ব্যাংক সুদ দাতা সংস্থাকে ফেরত দেয়া যাবে না। প্রয়োজনে এনজিও কর্তৃক পৃথক প্রকল্পে ব্যয় করতে হবে;
১৫. “বৈদেশিক অনুদান (স্বৈচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন ২০১৬” এর ধারা ১২ অনুযায়ী এনজিও’র হিসাবপত্র দু’তরফা দাখিলা পদ্ধতিতে এবং ক্যাশ বহি, ব্যাংক বহি, লেজারবুক, ষ্টক রেজিস্টার, সম্পদ রেজিস্টার ও অন্যান্য রেজিস্টার যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা তা উল্লেখ করতে হবে;
১৬. এনজিও কর্তৃক বাস্তবায়িত যে সকল বৈদেশিক সহায়তা প্রকল্পে (পূর্বের প্রকল্পসমূহের) ঘূর্ণায়মান ঋণ তহবিল (RLF) থাকলে, সে সকল তহবিলের প্রকল্প/দাতা ভিত্তিক পৃথক হিসাবে সংরক্ষণ করা হচ্ছে, নাকি সর্বসাকুল্যে একটি হিসাব সংরক্ষণ করা হচ্ছে এবং এই হিসাব প্রতি বছর স্বতন্ত্র অডিট করা হচ্ছে কিনা, তা উল্লেখ করতে হবে। বৈদেশিক অনুদানের অর্থে (RLF) এর সাকুল্য হিসাব পৃথকভাবে সংরক্ষণ করা না হলে এবং নিরীক্ষাধীন প্রকল্প হতে ঋণ বিতরণ থাকলে, প্রাপ্ত সার্ভিস চার্জ প্রাপ্তি হিসেবে উল্লেখ নিশ্চিত করতে হবে;
১৭. ক্ষুদ্র ঋণ কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট এনজিও Micro Credit Regulatory Authority এর সনদ প্রাপ্ত কিনা, তা উল্লেখ করতে হবে;



১৮. বৈদেশিক মুদ্রায় অনুদানের অর্থ ব্যয় করা হয়েছে কিনা, হলে তার বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে;
১৯. খাত বিশেষ বাজেট অতিরিক্ত ব্যয় অন্য খাতে সমন্বয় করা হয়েছে কিনা অর্থাৎ অননুমোদিত খাতের কোন ব্যয় নিয়মিত খাতে সমন্বয় করা হয়েছে কিনা, হলে অতিরিক্ত ব্যয়ের পক্ষে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন আছে কিনা;
২০. কর্মকর্তা/কর্মচারীদের যেকোন পরিমাণ বেতন-ভাতা এবং অন্যান্য ব্যয়ের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকার উপরের ব্যয়সমূহ ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধ করা হয়েছে কিনা;
২১. যদি ঋণ গ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে, সেক্ষেত্রে ঋণ গ্রহণের কারণ উৎস এনজিও বিষয়ক ব্যুরোর পূর্বানুমোদন এবং এনজিও'র নির্বাহী কমিটির অনুমোদন সম্পর্কে তথ্য প্রদান করতে হবে;
২২. এনজিও'র সাধারণ পরিষদ এবং নির্বাহী পরিষদের কোন সদস্য বেতন-ভাতা অর্থাৎ কোন প্রকার সম্মানী ভাতা গ্রহণ করেন কিনা; করলে, নির্বাহী কমিটির অনুমোদন সংক্রান্ত তথ্যসহ তার বিস্তারিত বিবরণ প্রদান করতে হবে। তাছাড়া এনজিও'র নির্বাহী প্রধান নিরীক্ষাধীন প্রকল্প এবং অন্যান্য প্রকল্প থেকে পূর্ণ/আংশিক বেতন-ভাতাদি/সম্মানী গ্রহণ করে থাকলে তার বিস্তারিত বিবরণ দিতে হবে;
২৩. এনজিও'র অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সন্তোষজনক কিনা; তা উল্লেখ করতে হবে;
২৪. এনজিও কর্তৃক দাতাসংস্থাকে কোন প্রকার অর্থ ফেরৎ প্রদান করা হয়েছে কিনা; হয়ে থাকলে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি নেয়া হয়েছে কিনা তার বিস্তারিত বিবরণ দিতে হবে;
২৫. সরকারি বিধি/বিধানের আলোকে প্রকল্পের আওতায় লেনদেনের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) রেভিনিউ স্ট্যাম্প (Revenue Stamp) লাগানো হয়েছে কিনা, বিল/ভাউচার থেকে প্রকল্পের নাম উল্লেখসহ ভ্যাট/আইটি (VAT/IT) কর্তন করা হয়েছে কিনা এবং কর্তনকৃত ভ্যাট/আইটি (VAT/IT) সরকারি কোষাগারে সঠিকভাবে যথাসময়ে জমা হয়েছে কিনা, সে বিষয়ে মতামত দিতে হবে। আলোচ্য প্রকল্পে কর্তনকৃত ও বকেয়া ভ্যাট/আইটি (VAT/IT) পরিমাণ নিম্ন বর্ণিত ছকে উল্লেখ করতে হবেঃ


ক্রমিক নং	এনজি এর ব্যয় খাতের বিবরণ (উপখাতসহ)	এ/১ ব্যয় পরিমা ন	কর্তনযোগ্য টাকার পরিমাণ		কর্তনকৃত টাকার পরিমাণ		সরকারি কোষাগারে জমার পরিমাণ		বকেয়ার পরিমাণ		ট্রেজারী/মুসক চালান নং, তারিখ, ব্যাকের নাম ও শাখা।
			৪ VAT	৫ IT	৬ VAT	৭ IT	৮ VAT	৯ IT	১০ VAT	১১ IT	
১	২	৩									
মোট											


২৬. আয়কর অধ্যাদেশ অনুযায়ী ১৯৮৪ অনুযায়ী সংশ্লিষ্ট এনজিও প্রতি অর্থবছরে Legal Entity হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর অফিসে Income Tax Return দাখিল করে কিনা, তা উল্লেখ করতে হবে। একই সাথে সংস্থায় কোন বিদেশী কর্মরত থাকলে তিনি নিয়মিত আয়কর প্রদান করেছেন কিনা ও পূর্ববর্তী করবর্ষের আয়কর রিটাণ নিষ্পত্তি হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে;
২৭. সংশ্লিষ্ট এনজিও'র প্রকল্পের আওতায় আয়বর্ধক কার্যক্রম (Income Generating Activities-IGA) আছে কিনা, যদি থাকে তাহলে IGA এর নাম উল্লেখসহ আহরিত আয়ের উপর প্রযোজ্য আয়কর দেয়া হয় কিনা, অর্থাৎ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ হতে Income Tax Exemption Certificate সংগ্রহ করা হয়েছে কিনা, এমর্মে তথ্য দিতে হবে;
২৮. বৈদেশিক উৎস থেকে প্রাপ্ত অর্থে বিমান টিকেট/অন্যান্য কোন সুবিধা গ্রহণের মাধ্যমে এনজিও'র কোন কর্মকর্তা/কর্মচারী/নির্বাহী পরিষদ বা সাধারণ পরিষদের কোন সদস্য বিদেশ ভ্রমণ করেছেন কিনা, করে থাকলে তার বিবরণ এবং ভ্রমণের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমতি গ্রহণ করা হয়েছে কিনা তার বিবরণ প্রদান করতে হবে;
২৯. নিরীক্ষাধীন সময়ে এনজিও'র মালিকানাধীন স্থায়ী সম্পদের বিবরণসহ মূল্য অডিট রিপোর্ট সংযোজন করতে হবে এবং সংশ্লিষ্ট স্থায়ী সম্পত্তি (Fixed Asset)/দলিল/বাড়িভাড়া চুক্তি অনুদানপ্রাপ্ত জমি/ গাড়িও অন্যান্য সম্পদ এনজিও'র নামে নিবন্ধিত আছে কিনা তা উল্লেখ করতে হবে;
৩০. প্রকল্পের অর্থে ক্রয়কৃত স্থায়ী/অস্থায়ী সম্পত্তি বিক্রয়/ হস্তান্তর করা হয়েছে কিনা? হয়ে থাকলে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদন আছে কিনা;
৩১. সিএ ফার্ম কর্তৃক এনজিও'র সংশ্লিষ্ট প্রকল্পের হিসাবপত্র নিরীক্ষা শেষে অনিয়ম/অনিয়মিত ব্যয়/অননুমোদিত ব্যয়/ বাজেট বহির্ভূত ব্যয় পরিলক্ষিত হলে তা চিহ্নিত করে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট Management Letter/Report দিতে হবে এবং এর একটি কপি অডিট রিপোর্টের সাথে উপ-পরিচালক (পরিদর্শন ও নিরীক্ষা) এর নিকট প্রেরণ করতে হবে। এই ধরনের Letter/Report এর প্রয়োজন না হলে তাও উল্লেখ করতে হবে;
৩২. ধারাবাহিকভাবে সর্বোচ্চ ০৫(পাঁচ) বছরের বেশী একটি সিএ ফার্ম একই এনজিও'র প্রকল্প অডিট করতে পারবে না। একারণে নিরীক্ষাধীন এনজিও পরপর পাঁচ বছরের বেশী অডিট করা হয়নি মর্মে সিএ ফার্মকে প্রত্যয়ন প্রদান করতে হবে;



৩৩. এনজিও'র Executive Committee/Governing Board/Management Committee এর সদস্যদের নামের তালিকা প্রদান করতে হবে;
৩৪. এনজিও সমূহ হিসাব নিরীক্ষার যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রকল্প/সংস্থা থেকে নির্বাহ করেছে কিনা, সে বিষয়ে উল্লেখ থাকতে হবে।
৩৫. অডিট রিপোর্টে সিএ ফার্ম তালিকাভুক্তির স্মারক নম্বর, তারিখ ও ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে;
৩৬. সংস্থার সকল আর্থিক লেনদেন মানিলিভারিং এবং টেরোরিস্ট ফাইন্যান্সিং মুক্ত কিনা তা পরীক্ষা করে মতামত প্রদান করতে হবে;
৩৭. প্রকল্প অনুমোদনের শর্তাবলী যথাযথভাবে অনুসৃত হয়েছে কিনা; এবং স্থানীয় প্রশাসনকে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সম্পৃক্ত করা হয়েছে কিনা সে বিষয়ে প্রমানক সহ অডিট ফার্মের বিস্তারিত মতামত থাকতে হবে;
৩৮. নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে কিনা ; না হয়ে থাকলে এর যৌক্তিক কারণ উল্লেখ করতে হবে।


০৩। ৩১ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখের পর এনজিও বিষয়ক ব্যুরোতে প্রেরিত সকল অডিট রিপোর্টের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তিতে উপরে বর্ণিত শর্তাবলী হুবহু অনুসরণ করতে হবে এবং এতদসংক্রান্ত পুন: বিজ্ঞপ্তি জারী না হওয়া পর্যন্ত এই বিজ্ঞপ্তি অনুযায়ী এনজিও নিরীক্ষা কার্যক্রম চলমান থাকবে;

  
(কে, এম, আব্দুস সালাম)  
মহাপরিচালক  
তারিখঃ ১৬/০১/২০২০ খ্রিঃ

স্মারক নং-০৩.০৭.২৬৬৬.৬৫৭.৪৩.২৫৩.১৭- 

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১) সকল কর্মকর্তা, এনজিও বিষয়ক ব্যুরো।
- ২) প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (ব্যুরোর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)
- ৩) সচিব Institute of Chartered Accountants of Bangladesh (ICAB), ১০০, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, কাওরান বাজার, ঢাকা ( উপরোক্ত তালিকাভুক্ত দসিএ ফার্মকে এই বিজ্ঞপ্তি অবহিত করার অনুরোধ সহ)।
- ৪) জনাব মোঃ আফসার উদ্দিন, উপ পরিচালক (কিউএডি) আইসিএবি, ১০০, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ৫) নোটিশ বোর্ড, এনজিও বিষয়ক ব্যুরো।
- ৬) অফিস কপি।

  
(মুহাম্মদ আনোয়ার হোসেন)  
উপ-পরিচালক (সা:) (উপসচিব)

